গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
আরকাইভস ও গ্রন্থাগার অধিদপ্তর
সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়
৩২, বিচারপতি এস.এম. মোর্শেদ সরণী
আগারগাঁও, শেরেবাংলা নগর
ঢাকা-১২০৭।
www.nanl.gov.bd

১৫ আগস্ট জাতীয় শোকদিবস উপলক্ষ্যে আরকাইভস ও গ্রন্থাগার অধিদপ্তর আয়োজিত আলোচনা ও দোয়া মাহফিল অদ্য বেলা ১১ ঘটিকায় জাতীয় গ্রন্থাগার ভবন মিলনায়তনে অনুষ্ঠিত হয়। সভায় সভাপতিত্ব করেন অধিদপ্তরের মহাপরিচালক জনাব ফরিদ আহমদ ভূঁইয়া। সভায় আলোচনা করেন অধিদপ্তরের পরিচালক জনাব মোঃ সুজায়েত উল্যা এবং জনাব মোঃ দাউদ মিয়া, এনডিসি। সভায় বঙ্গাবন্ধু ও ১৫ আগস্টে শহীদদের রুহের মাগফেরাত কামনা করে দোয়া করা হয়। এর আগে পক্ষকালব্যাপী বিশেষ ডিজিটাল প্রদর্শনীর উদ্বোধন করেন অধিদপ্তরের মহাপরিচালক মহোদয়।






জাতির পিতা বঙ্গাবন্ধু শেখ মুজিবুর রহমানের ৪৬তম শাহাদত বার্ষিকী ও জাতীয় শোক দিবস ২০২১ উপলক্ষ্যে আরকাইভস ও গ্রন্থাগার অধিদপ্তর আয়োজিত গ্রন্থভিত্তিক পর্যালোচনামূলক প্রবন্ধ লেখা প্রতিযোগিতায় বিজয়ীদের মধ্যে গত ২২ সেপ্টেম্বর ২০২১ তারিখে সনদ, ক্রেস্ট ও পুরস্কার হস্তান্তর করা হয়।




আরকাইভস ও গ্রন্থাগার অধিদপ্তর আয়োজিত অভিযোগ প্রতিকার ব্যবস্থা এবং জিআরএস সফটওয়্যার বিষয়ক দিনব্যাপী প্রশিক্ষণ অনুষ্ঠিত হয়। প্রশিক্ষণ উদ্বোধন করেন আরকাইভস ও গ্রন্থাগার অধিদপ্তরের মহাপরিচালক জনাব মোঃ ফরিদ আহমদ ভূঁইয়া। এতে সভাপতিত্ব করেন পরিচালক (যুগ্মসচিব) জনাব মোঃ দাউদ মিয়া, এনডিসি।







জাতীয় শুদ্ধাচার কৌশল বাস্তবায়ন বিষয়ে আরকাইভস ও গ্রন্থাগার অধিদপ্তর আয়োজিত দিনব্যাপী প্রশিক্ষণ গত ২৯ সেপ্টেম্বর ২০২১ তারিখে জাতীয় গ্রন্থাগার ভবন মিলনায়তনে অনুষ্ঠিত হয়। এতে শুদ্ধাচার বিষয়ে বক্তব্য রাখেন অধিদপ্তরের পরিচালক (যুগ্মসচিব) জনাব মোঃ দাউদ মিয়া, এনডিসি।প্রশিক্ষণ অধিদপ্তরের সকল কর্মকর্তা/কর্মচারীগণ অংশগ্রহণ করেন।





আরকাইভস ও গ্রন্থাগার অধিদপ্তর কর্তৃক ‘সেবাদান প্রতিশ্রুতি’ বিষয়ক দিনব্যাপী প্রশিক্ষণ গত ৩০ সেপ্টেম্বর ২০২১ তারিখে অধিদপ্তরস্থ জাতীয় গ্রন্থাগার ভবন মিলনায়তনে অনুষ্ঠিত হয়। এতে প্রধান অতিথি হিসেবে বক্তব্য রাখেন অধিদপ্তরের মহাপরিচালক জনাব ফরিদ আহমদ ভূঁইয়া। এসময় পরিচালক (যুগ্মসচিব) জনাব মোঃ দাউদ মিয়া, এনডিসি উপস্থিত ছিলেন।






‘শেখ রাসেল দিবস’ উপলক্ষ্যে আরকাইভস ও গ্রন্থাগার অধিদপ্তরের জাতীয় গ্রন্থাগার ভবনে অদ্য ১৮ অক্টোবর ২০২১ তারিখে শেখ রাসেল কর্ণার উদ্বোধন করেন অধিদপ্তরের মহাপরিচালক জনাব ফরিদ আহমদ ভূঁইয়া। এ সময় অধিদপ্তরের পরিচালক জনাব মোঃ সুজায়েত উল্যা (যুগ্মসচিব) ও জনাব মোঃ দাউদ মিয়া, এনডিসি (যুগ্মসচিব) সহ অন্যান্য কর্মকর্তা ও কর্মচারীগণ উপস্থিত ছিলেন। এর আগে শেখ রাসেলের প্রতিকৃতিতে ফুল দিয়ে অধিদপ্তরের পক্ষ থেকে শ্রদ্ধাঞ্জলি জ্ঞাপন করা হয়।






জনপ্রশাসন মন্ত্রণালয় এবং আরকাইভস ও গ্রন্থাগার অধিদপ্তরের যৌথ আয়োজনে অদ্য ২২ নভেম্বর ২০২১ তারিখে জনপ্রশাসন মন্ত্রণালয়ের প্রশাসনিক কর্মকর্তাদের অংশগ্রহণে নথিপত্র সংগ্রহ, সংরক্ষণ ও ব্যবস্থাপনা কার্যক্রম বিষয়ক এক কর্মশালা জাতীয় আরকাইভস ভবনের প্রশিক্ষণ কক্ষে অনুষ্ঠিত হয়। এতে প্রধান অতিথি হিসেবে বক্তব্য রাখেন অধিদপ্তরের মহাপরিচালক (অতিরিক্ত সচিব) জনাব ফরিদ আহমদ ভূঁইয়া। আলোচনা করেন অধিদপ্তরের পরিচালক (যুগ্মসচিব) জনাব মোঃ সুজায়েত উল্যা এবং উপপরিচালক (আরকাইভস) জনাব তাহমিনা আক্তার।







জনপ্রশাসন মন্ত্রণালয় এবং আরকাইভস ও গ্রন্থাগার অধিদপ্তরের যৌথ আয়োজনে অদ্য ২৪ নভেম্বর ২০২১ তারিখে জনপ্রশাসন মন্ত্রণালয়ের প্রশাসনিক কর্মকর্তাদের অংশগ্রহণে নথিপত্র সংগ্রহ, সংরক্ষণ ও ব্যবস্থাপনা কার্যক্রম বিষয়ক এক কর্মশালা (২য় ব্যাচ) জাতীয় আরকাইভস ভবনের প্রশিক্ষণ কক্ষে অনুষ্ঠিত হয়। এতে প্রধান অতিথি হিসেবে বক্তব্য রাখেন অধিদপ্তরের মহাপরিচালক (অতিরিক্ত সচিব) জনাব ফরিদ আহমদ ভূঁইয়া। আলোচনা করেন অধিদপ্তরের পরিচালক (যুগ্মসচিব) জনাব মোঃ সুজায়েত উল্যা এবং উপপরিচালক (আরকাইভস) জনাব তাহমিনা আক্তার।







মহান বিজয় দিবস ২০২১ উদযাপন উপলক্ষ্যে আরকাইভস ও গ্রন্থাগার অধিদপ্তর পক্ষকালব্যাপী মুক্তিযুদ্ধভিত্তিক নথিপত্র, গ্রন্থ এবং চিত্র প্রদর্শনীর আয়োজন করেছে। ১৫ ডিসেম্বর ২০২১ তারিখে প্রদর্শনীর উদ্বোধন করেন অধিদপ্তরের মহাপরিচালক (অতিরিক্ত সচিব) জনাব ফরিদ আহমদ ভূঁইয়া। এ সময় পরিচালক (যুগ্মসচিব) জনাব মোঃ সুজায়েত উল্যা, পরিচালক (যুগ্মসচিব) জনাব মোঃ দাউদ মিয়া, এনডিসি সহ অধিদপ্তরের অন্যান্য কর্মকর্তা ও কর্মচারীগণ উপস্থিত ছিলেন। সরকারি ছুটির দিন ব্যতীত সকাল ৯টা হতে বিকেল ৪.০০টা পর্যন্ত প্রদর্শনী সকলের জন্য উন্মুক্ত (জাতীয় আরকাইভস ভবন ও জাতীয় গ্রন্থাগার ভবন)।







আরকাইভস ও গ্রন্থাগার অধিদপ্তরের আয়োজনে জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা বাস্তবায়ন বিষয়ক এক প্রশিক্ষণ প্রোগ্রাম গত ১৩ ফেব্রুয়ারি ২০২২ তারিখে জাতীয় আরকাইভস ভবনের প্রশিক্ষণ কক্ষে অনুষ্ঠিত হয়। প্রশিক্ষণে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন অধিদপ্তরের মহাপরিচালক (অতিরিক্ত সচিব) জনাব ফরিদ আহমদ ভূঁইয়া।







আন্তর্জাতিক মাতৃভাষা দিবস ও শহিদ দিবস-২০২২ উপলক্ষ্যে সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়ের আয়োজনে এবং আরকাইভস ও গ্রন্থাগার অধিদপ্তরের ব্যবস্থাপনায় সেমিনার ও মনোজ্ঞ সাংস্কৃতিক অনুষ্ঠান ২১ ফেব্রুয়ারি ২০২২ তারিখ অধিদপ্তরভুক্ত বাংলাদেশ জাতীয় গ্রন্থাগার ভবন মিলনায়তনে অনুষ্ঠিত হয়। অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়ের দায়িত্বে নিয়োজিত মাননীয় প্রতিমন্ত্রী জনাব কে এম খালিদ এমপি।






জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ১০২তম জন্মবার্ষিকী ও জাতীয় শিশু দিবস-২০২২ উদযাপন উপলক্ষ্যে আরকাইভস ও গ্রন্থাগার অধিদপ্তর শিশু-কিশোরদের চিত্রাঙ্কন প্রতিযোগিতার আয়োজন করে।চিত্রাঙ্কন প্রতিযোগিতার পুরস্কার বিতরণী অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে বিজয়ীদের মাঝে পুরস্কার প্রদান করেন আরকাইভস ও গ্রন্থাগার অধিদপ্তরের মহাপরিচালক জনাব ফরিদ আহমদ ভূঁইয়া।






২৫ শে মার্চ গণহত্যা দিবসে নিহতদের আত্মার মাগফেরাত কামনা করে আরকাইভস ও গ্রন্থাগার অধিদপ্তরের আয়োজনে দোয়া মাহফিল।





বাংলা নববর্ষ ১৪২৯ উদযাপন উপলক্ষ্যে আরকাইভস ও গ্রন্থাগার অধিদপ্তর আয়োজিত বিশেষ পুস্তক ও প্রকাশনী প্রদর্শনীর উদ্বোধন করছেন অধিদপ্তরের পরিচালক (যুগ্মসচিব) জনাব এস. এম আরশাদ ইমাম।





আরকাইভস ও গ্রন্থাগার অধিদপ্তর কর্তৃক আয়োজিত শুদ্ধাচার কৌশল বাস্তবায়নে সরকারি কর্মচারীদের ভূমিকা সংক্রান্ত দিনব্যাপী প্রশিক্ষণ অদ্য ১৬ মে ২০২২ তারিখে জাতীয় আরকাইভস ভবন প্রশিক্ষণ কক্ষে অনুষ্ঠিত হয়। প্রশিক্ষণে প্রশিক্ষণ প্রদান করেন অধিদপ্তরের মহাপরিচালক (অতিরিক্ত সচিব) জনাব ফরিদ আহমদ ভূঁইয়া, পরিচালক (যুগ্মসচিব) এস এম আরশাদ ইমাম, প্রোগ্রামার জনাব মোঃ হারিছ সরকার এবং চীফ বিবলিওগ্রাফার/উপপরিচালক জনাব মোঃ জামাল উদ্দিন।






সুশাসন প্রতিষ্ঠার নিমিত্ত অংশীজনের অংশগ্রহণে মতবিনিময় সভা আজ ১৮ মে ২০২২ তারিখ জাতীয় গ্রন্থাগার ভবনের সম্মেলন কক্ষে অনুষ্ঠিত হয়। সভায় সভাপতিত্ব করেন অধিদপ্তরের পরিচালক জনাব এস এম আরশাদ ইমাম।






সেবা প্রদান প্রতিশ্রুতি বিষয়ক অংশীজনের অংশগ্রহণে মতবিনিময় সভা আজ ১৮ মে ২০২২ তারিখ জাতীয় গ্রন্থাগার ভবনের সম্মেলন কক্ষে অনুষ্ঠিত হয়। সভায় সভাপতিত্ব করেন অধিদপ্তরের পরিচালক জনাব এস এম আরশাদ ইমাম।






১৯ মে ২০২২ তারিখ আরকাইভস ও গ্রন্থাগার অধিদপ্তর আয়োজিত সেবা প্রদান প্রতিশ্রুতি বিষয়ক দিনব্যাপী প্রশিক্ষণ জাতীয় আরকাইভস ভবনের প্রশিক্ষণ কক্ষে অনুষ্ঠিত হয়। এতে প্রশিক্ষণ প্রদান করেন অধিদপ্তরের মহাপরিচালক জনাব ফরিদ আহমদ ভূঁইয়া, পরিচালক জনাব এস এম আরশাদ ইমাম এবং উপপরিচালক (আরকাইভস) বেগম তাহমিনা আক্তার।





আরকাইভস ও গ্রন্থাগার অধিদপ্তরের ই-গর্ভন্যান্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনার আওতায় ৪র্থ শিল্প বিপ্লবের চ্যালেঞ্জ মোকাবেলায় করণীয় বিষয়ক দিনব্যাপী কর্মশালা গত ২২ মে ২০২২ তারিখ জাতীয় আরকাইভস ভবন সম্মেলন কক্ষে অনুষ্ঠিত হয়। কর্মশালায় প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়ের অতিরিক্ত সচিব জনাব সাহিবা পারভীন। সভাপতিত্ব করেন আরকাইভস ও গ্রন্থাগার অধিদপ্তরের মহাপরিচালক জনাব ফরিদ আহমদ ভূঁইয়া। আলোচনা করেন অধিদপ্তরের পরিচালক (যুগ্মসচিব) জনাব এস. এম. আরশাদ ইমাম এবং এটপুআই এক্সপার্ট জনাব এ এস এম মাহফুজুল আলম।





আরকাইভস ও গ্রন্থাগার অধিদপ্তরের আয়োজনে অদ্য ২৫ মে ২০২২ তারিখ জাতীয় কবি কাজী নজরুল ইসলামের ১২৩তম জন্মবার্ষিকী উপলক্ষ্যে 'জাতীয় কবির জীবন ও দর্শন ও লেখনী' শীর্ষক সেমিনার জাতীয় গ্রন্থাগার ভবন মিলনায়তনে অনুষ্ঠিত হয়। সেমিনারে মূল প্রবন্ধ উপস্থাপন করেন বাংলাদেশ পেট্রোলিয়াম ইনস্টিটিউট এর মহাপরিচালক, কবি ও গবেষক জনাব আমিনুল ইসলাম। আলোচনা করেন আরকাইভস ও গ্রন্থাগার অধিদপ্তরের সাবেক পরিচালক, যুগ্মসচিব (পিআরএল) জনাব মোঃ সুজায়েত উল্যা এবং রেজিস্ট্রার অব কপিরাইটস জনাব মোঃ দাউদ মিয়া, এনডিসি। স্বাগত বক্তব্য রাখেন অধিদপ্তরের পরিচালক জনাব এস. এম. আরশাদ ইমাম। সেমিনারে সভাপতিত্ব করেন আরকাইভস ও গ্রন্থাগার অধিদপ্তরের মহাপরিচালক (অতিরিক্ত সচিব) জনাব ফরিদ আহমদ ভূঁইয়া।






আন্তর্জাতিক আরকাইভস দিবস-২০২২ উদযাপন উপলক্ষ্যে গত ০৯ জুন আরকাইভস ও গ্রন্থাগার অধিদপ্তর "Archives are you" শীর্ষক প্রতিপাদ্য বিষয়ের উপর সেমিনার আয়োজন করে। সেমিনারে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়ের মাননীয় প্রতিমন্ত্রী জনাব কে এম খালিদ, এমপি। বিশেষ অতিথি হিসেবে বক্তব্য রাখেন সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়ের সচিব জনাব মোঃ আবুল মনসুর।





